

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-৫৪৫০/০৬

তারিখ: ০৪/০৯/২০১৮ খ্রি:

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর আলোকে নিম্ন-মাধ্যমিক এম.পি.ও ভুক্ত বিদ্যালয়ে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদটি প্যাটার্নভুক্ত হওয়ায় উক্ত বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগ ও এম.পি.ও বিষয়ে শিক্ষকদের তালিকা প্রেরণ সংক্রান্ত।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.০২.০১৪.১৮.৩২৪, তারিখ: ০৬/০৮/২০১৮ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.০৭২.০৬.০৩২.১২.৯৮৬, তারিখ: ২৮/০৪/২০১৬ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ১২/০৬/২০১৮ খ্রি. তারিখে জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর আলোকে নিম্ন-মাধ্যমিক এম.পি.ও ভুক্ত বিদ্যালয়ে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদটি প্যাটার্নভুক্ত করা হয়েছে।

এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত-২ নং পরিপত্রে বর্ণিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে নিয়োগকৃত শিক্ষকদের বেতন ভাতাদি স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, নিম্ন-মাধ্যমিক এম.পি.ও ভুক্ত বিদ্যালয়ে ২৮/০৪/২০১৬ খ্রি. তারিখ পরবর্তী বিধিমনতে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) এর নামের তালিকার হার্ড কপি (প্রমানক সহ) এবং সফট কপি নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এ অধিদপ্তরে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা:

ক্র: নং	উপজেলা	প্রতিষ্ঠানের নাম, এমপিও কোড	শিক্ষকের নাম পিতা, মাতার নাম ও নিবন্ধন নম্বর	ডিজি'র প্রতিনিধি মনোনয়ন পত্রের স্মারক নং ও তারিখ	ডিজি'র প্রতিনিধি'র নাম, পদবী ও ঠিকানা	নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ	নিয়োগের তারিখ	যোগদানের তারিখ


(মোঃ সবুজ আলম)
সহকারী পরিচালক (সেসিপ)
মাধ্যমিক উইং

ইমেইল: addshesecondary4@gmail.com

জেলা শিক্ষা অফিসার,
(সকল)।

(ঠার জেলাধীন সকল শিক্ষকের তথ্যাদি উপজেলাওয়াই বর্ণিত ছক মোতাবেক NikoshBAN ফন্টে তালিকা তৈরী করে হার্ডকপি (প্রমানকসহ) ও সফট কপি প্রেরণের অনুরোধসহ)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপপরিচালক, (সকল অঞ্চল)।

০৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (প্রমানকসহ তথ্যাদি জেলা শিক্ষা অফিসারের নিকট দাখিলের অনুরোধসহ)

০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, (সকল)।

(ঠার প্রতিষ্ঠানে ২৮/০৪/২০১৬ খ্রি. তারিখ পরবর্তী নিয়োগকৃত শিক্ষকের প্রমানকসহ তথ্যাদি (সর্বশেষ স্বীকৃতি, সর্বশেষ কমিটি, বিদ্যালয়ের ১ম ও সর্বশেষ এমপিও কপি, ডিজি'র প্রতিনিধি মনোনয়নের কপি, ফলাফল বিবরণী, নিয়োগপত্র, যোগদানপত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নিবন্ধন সনদ, পত্রিকার বিজ্ঞপ্তির কপি) সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট দাখিলের অনুরোধসহ)

০৫। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

০৬। সংরক্ষণ নথি।